

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ পূর্ব এশিয়া অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪২৫.৪০.৬৩৯.১৪-

তারিখঃ ১২ এপ্রিল ২০২২

প্রেরকঃ মোঃ জাবের হায়দার
সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া)

প্রাপকঃ জনাব ড. এ. কে. আব্দুল মোমেন, এম.পি.
মাননীয় পররাষ্ট্রমন্ত্রী
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয়ঃ বাংলাদেশ ও ফিলিপাইন এবং বাংলাদেশ ও সিংগাপুরের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উদযাপনে আয়োজিত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের জন্য আগামী ১৬ এপ্রিল ২০২২ তারিখ এবং ১৭-২০ এপ্রিল ২০২২ তারিখে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী জনাব ড. এ. কে. আব্দুল মোমেন, এম.পি. (সত্ৰীক)-এর অনুকূলে যথাক্রমে ফিলিপাইন ও সিংগাপুর সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১৬ এপ্রিল ২০২২ তারিখ এবং ১৭-২০ এপ্রিল ২০২২ তারিখে যথাক্রমে ফিলিপাইনসহ বাংলাদেশ দূতাবাস এবং সিংগাপুরসহ বাংলাদেশ দূতাবাস কর্তৃক আয়োজিতব্য অনুষ্ঠানসমূহে যোগদানের জন্য আপনার (সত্ৰীক) অনুকূলে যথাক্রমে ফিলিপাইন ও সিংগাপুর সফরের নিমিত্ত প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:

- ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- খ) উপরিলিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;
- গ) আপনি আগামী ১৬ এপ্রিল ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ম্যানিলা-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২০ এপ্রিল ২০২২ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা এর উদ্দেশ্যে সিংগাপুর ত্যাগ করবেন;
- ঘ) জরুরি অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

মোঃ জাবের হায়দার
সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া)
ফোন: ২২৩৩৮৯২০৩
ইমেইলঃ sea@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৪২৫.৪০.৬৩৯.১৪-

তারিখঃ ১২ এপ্রিল ২০২২

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/সংস্থাপন/এফএসও/অর্থ)/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
- ৭। বাংলাদেশ দূতাবাস, ফিলিপাইন/সিংগাপুর
- ৮। অফিস কপি

মোঃ জাবের হায়দার
সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া)

12.04.2022